


রাজস্বের প্রবৃদ্ধি  
টেকসই সমৃদ্ধি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী  
বাড়ি # ১৯৬, সেক্টর # ২, হাউজিং এস্টেট  
উপশহর, রাজশাহী  
[www.cevrajshahi.gov.bd](http://www.cevrajshahi.gov.bd)



অনলাইনে রেজিস্ট্রেশনের  
জন্য ভিজিট করুন  
[www.vat.gov.bd](http://www.vat.gov.bd)

নথি নং- ৫(১২)৩১/কাস-টেক/বন্ড রেজি:/রুলিন/সি: ইপি:/১১/অংশ-১/

তারিখ: ০২/০৪/২০২৩ খ্রি।

বিষয় : অন্তর্বর্তীকালীন আমদানি প্রাপ্যতার মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র : [১] ঈশ্বরদী মাতসুওকা বাংলাদেশ লিঃ, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা এর ০৬.০৪.২০২৩ খ্রি. তারিখের আবেদন।  
[২] এ দপ্তরের সমন্বিত পত্র নং-৬২২, তারিখ: ১৯.০২.২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রীয় পত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ঈশ্বরদী মাতসুওকা বাংলাদেশ লিঃ (পূর্বের নাম-রুলিন বিডি লিঃ) [ঠিকানা: প্লট # প্লট # ৩৭-৪১, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা (বন্ড লাইসেন্স নং-০৩/২০১১, তারিখ: ২০/১২/২০১১ খ্রি.; BIN-000275763-1105)] এর ০১/০১/২০২২ খ্রি. হতে ৩১/১২/২০২২ খ্রি. সময়ের নিরীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। প্রতিষ্ঠানটির নিরীক্ষা চলাকালীন সময়ের জন্য সূত্রীয় [২] নং পত্রের মাধ্যমে ০১.০১.২০২৩ খ্রি. হতে ৩১.০৩.২০২৩ খ্রি. সময়ের জন্য অন্তর্বর্তীকালীন আমদানি প্রাপ্যতা প্রদান করা হয়। প্রতিষ্ঠানের নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন না হওয়ায় অন্তর্বর্তীকালীন আমদানি প্রাপ্যতার মেয়াদ বৃদ্ধির জন্য সূত্রীয় [১] নং পত্রের মাধ্যমে আবেদন করা হয়েছে।

০৩। বর্ণিতাবস্থায়, প্রতিষ্ঠানের হালনাগাদ নিরীক্ষা কার্যক্রম চলমান থাকায় প্রতিষ্ঠানের আবেদন এবং আমদানি-রপ্তানির বিষয়টি বিবেচনা করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে শতভাগ রপ্তানিমুখী পোশাক শিল্প বিবেচনায় ঈশ্বরদী মাতসুওকা বাংলাদেশ লিঃ এর অনুকূলে সূত্রীয় [২] নং পত্রের মাধ্যমে ইস্যুকৃত অন্তর্বর্তীকালীন আমদানি প্রাপ্যতার মেয়াদ আগামী ৩১.০৫.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। সূত্রীয় [২] নং পত্রের অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে। উল্লেখ, প্রতিষ্ঠানের কাঁচামাল মজুদের পণ্যগারের ধারণ ক্ষমতা ৯৪৬.০০ (নয় শত ছেচল্লিশ) মেট্রিক টন। উল্লেখ্য, জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-১৪/২০০৮, তারিখ: ২৯.০৬.২০০৮ খ্রি. অনুযায়ী বন্ডে এককালীন মজুদ কাঁচামালের পরিমাণ নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতার এক তৃতীয়াংশ অথবা গুদামের অনুমোদিত ধারণ ক্ষমতা এই দুইয়ের মধ্যে যা কম তার বেশি হবে না।

প্রাপক : ব্যবস্থাপনা পরিচালক  
ঈশ্বরদী মাতসুওকা বাংলাদেশ লিঃ  
প্লট # ৩৭-৪১, ঈশ্বরদী ইপিজেড  
পাকশী, পাবনা।

স্বাক্ষর  
(মুহাঃ মাহবুবুর রহমান)  
এডিশনাল কমিশনার অব কাস্টমস  
কমিশনার অব কাস্টমসের পক্ষে  
ফোন # ০২৫৮৮৮০১১০৭  
ই-মেইল : [cevraj93@yahoo.com](mailto:cevraj93@yahoo.com)

নথি নং- ৫(১২)৩১/কাস-টেক/বন্ড রেজি:/রুলিন/সি: ইপি:/১১/অংশ-১/ ৩২৬৬/৮০)

তারিখ: ০২/০৪/২০২৩ খ্রি।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ০১। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ০২। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মংলা/বেনাপোল/আইসিডি(কমলাপুর), ঢাকা/পানগাঁও/পায়রা।
- ০৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/সিলেট/চট্টগ্রাম/ যশোর/খুলনা/রংপুর/কুমিল্লা।

প্রতিষ্ঠানের অনুমোদিত বার্ষিক আমদানি প্রাপ্যতায় কাঁচামালের নাম, এইচ. এস. কোড ও পরিমাণ যাচাই করে বার্ষিক আমদানি প্রাপ্যতার মেয়াদ, জেনারেল বন্ডের মেয়াদ, IP ও বন্ড লাইসেন্স হালনাগাদ নবায়ন থাকা সাপেক্ষে আমদানিকৃত কাঁচামাল ছাড়করণের জন্য অনুরোধ করা হলো।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য:



- ০৪। নির্বাহী পরিচালক, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা [ইপিজেডে স্থ কোনো প্রতিষ্ঠানের IP ইস্যুর ক্ষেত্রে প্রতিষ্ঠানের জেনারেল বন্ডের মেয়াদ, বন্ড লাইসেন্স হালনাগাদ নবায়ন, বার্ষিক আমদানি প্রাপ্যতা শীটে অনুমোদিত কাঁচামালের নাম, HS Code, এবং প্রাপ্যতার পরিমাণ ও মেয়াদ থাকা সাপেক্ষে তাঁকে IP ইস্যু করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায়, এ দপ্তরের অনাপত্তিপত্র ব্যতিরেকে IP ইস্যু না করার জন্যও অনুরোধ করা হলো।
- ০৫। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, পাবনা।
- ০৬। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী [তাঁকে পত্রটি এ দপ্তরের ওয়েব সাইট-এ আপলোড করার জন্য বলা হলো।]
- ০৭। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস অফিস, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা।
- ০৮। Manager, Woori Bank, Dhaka Branch Suvastu Imam Square (1<sup>st</sup> Floor), 65, Gulshan Avenue, Dhaka-1212।
- ০৯। পিএ টু কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী [কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য]।



(মহাঃ মাহবুবুর রহমান)  
এডিশনাল কমিশনার অব কাস্টমস।

